গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
(তথ্য ও অভিযোগ শাখা)
www.nilphamari.gov.bd

## তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির জুন ২০২৩ মা[illegible] কার্যবিবরণী

সভাপতি : পঙ্কজ ঘোষ
জেলা প্রশাসক, নীলফামারী

স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নীলফামারী।

তারিখ ও সময় : ১৮ জুন ২০২৩, সকাল ১১.৪৫ টা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

[illegible]সের সভার

সভার শুরুতে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারী গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে সভায় এজেন্ডাভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| বিষয় ভিত্তিক আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| <u>০১) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ</u> : তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন। | তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের প্রয়োজনীয় কাযর্ক্রম গ্রহণের জন্য জেলা কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হয়। | জেলা কমিটির সকল সদস্য। |
| <u>০২) তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান</u> : তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের বিষয় সভায় আলোচনা করা হয়। | তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হয়। | জেলা কমিটির সকল সদস্য। |
| <u>০৩) জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ</u> : জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষকে তথ্য প্রদানের নিমিত্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলা পর্যায়ের সকল কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। | জেলা পর্যায়ের সকল কর্মকর্তা। |
| <u>০৪. তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন</u> : তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ যথাযথভাবে উদযাপনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ যথাযথভাবে উদযাপনের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হয়। | জেলা কমিটির সকল সদস্য। |

| | | |
|---|---|---|
| **০৫. জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় :** জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার বিষয়ে সভায় আলোচনা করা হয় । | জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) কে অনুরোধ করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নীলফামারী। |
| **০৬. তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটির কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান :** তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির সভা প্রতি দুই মাসে একবার আয়োজন করে সভার কার্যবিবরণী এ কার্যালয়সহ সংশ্লিষ্ট সকল অফিসে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটির সভা প্রতি ২ (দুই) মাসে একবার অনুষ্ঠিত করে সভার কার্যবিবরণী এ কার্যালয়সহ সংশ্লিষ্ট সকল অফিসে প্রদানের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| **০৭. তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান :** তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে চাহিদা মোতাবেক সহায়তা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে চাহিদা মোতাবেক সহায়তা প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | জেলা কমিটির সকল সদস্য । |
| **০৮. নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ** : নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কোন নারী তথ্য চেয়ে আবেদন করলে তা অগ্রাধিকার ভিত্তিতে যথাযথ নিয়মে প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | জেলা কমিটির সকল সদস্য । |
| **০৯. বিবিধ :**<br>**০৯.১ : তথ্য অধিকার বাস্তবায়নে অনলাইন প্রশিক্ষণ :** তথ্য অধিকার আইন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন বাস্তবায়নে তথ্য প্রদানকারী কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ অত্যন্ত জরুরী। কোন দপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ না থাকলে তা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। | জেলা কমিটির সকল সদস্য । |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি তথ্য অধিকার আইন বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(পঙ্কজ ঘোষ )
জেলা প্রশাসক
ও
সভাপতি
তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ জেলা কমিটি, নীলফামারী।
ফোন: ০২৫৮৯৯৫৫৩০০
email: dcnilphamari@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৭৩০০.০২১.০৪.০০১.১৮- ১৪৭ তারিখ: ২২জুন ২০২৩।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা ।

০৩। সচিব, তথ্য মন্ত্রণালয় ,বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০৪। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন বাংলাদেশ, এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০৫। বিভাগীয় কমিশনার ,রংপুর বিভাগ ,রংপুর।

০৬। পুলিশ সুপার ,নীলফামারী।

০৭। সিভিল সার্জন ,নীলফামারী।

০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নীলফামারী।

০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর।

১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী। কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্সে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২। ------------------------------------------------------------------------------------------

------------------------------------------------------------------------------------------

22.06.23

(মোঃ রেজোয়ান ইফতেকার)
সহকারী কমিশনার
তথ্য ও অভিযোগ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।